**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 MAY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের কার্যসূচি নিয়ে সিকিম সহ পশ্চিমবঙ্গ , বিহার ও উত্তর প্রদেশ সফর করবেন । সিকিম সফরকালে প্রধানমন্ত্রী sikkim@50 অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । এই সময় প্রধানমন্ত্রী সিকিমে বেশ কয়েকটি প্রকল্পের শিলান্যাস করা সহ বহুমুখী উন্নয়ন প্রকল্পের সূচনা করবেন । শ্রী মোদী সিকিমে আয়োজিত একটি জনসভায়ও ভাষণ দেবেন । সেখান থেকে তিনি সরসরি পশ্চিমবঙ্গের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---

সমগ্র দেশে আজ বিকশিত কৃষি সংকল্প অভিযান আরম্ভ হচ্ছে । কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের উপস্থিতিতে ওড়িষ্যার পুরী থেকে এই অভিযান আরম্ভ করা হবে । এই অভিযানের মাধ্যমে সমগ্র দেশের ৭শোর অধিক জেলাকে অর্ন্তভুক্ত করা হবে । কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে যে ১৫ দিনব্যাপী এই অভিযানের সময় শ্রী চৌহান কম করে ২০টি রাজ্য সফর করে কৃষক এবং কৃষি বিজ্ঞানীদের উৎসাহিত করা ছাড়াও তাদের সঙ্গে সরাসরি আলোচনায় মিলিত হবেন । কেন্দ্রীয় মন্ত্রীর সফরসূচির তালিকায় আসামও রয়েছে ।

---

শ্রীভূমি জেলার কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আজ থেকে আগামী ১২ই জুন পর্য্যন্ত জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতগুলিতে চলা বিকশিত কৃষি সংকল্প অভিযান কার্য্যসূচী পালন করা হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে প্রতিদিন সকাল ১০টা থেকে জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে এই অভিযান শুরু হবে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে আজ কৃষি সংকল্প অভিযানের উদ্বোধনী অনুষ্ঠান সাদারাশী ও নারায়নপুর গ্রামের দূর্গাবাড়ীতে অনুষ্ঠিত হবে । পাশাপাশি আগামীকাল রাণীবাড়ী ও কৃষ্ণনগর গ্রাম পঞ্চায়েতে , আগামী ৩১শে মে লক্ষীবাজার ও মালুয়া শ্রীগৌরী গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে অনুষ্ঠিত হবে । জেলা কৃষি আধিকারীক এই অভিযানে সংশ্লিষ্ট গ্রামের কৃষকদের স্বত:ফূর্তভাবে অংশগ্রহন করতে আহ্বান জানানো হয়েছে । অভিযান আগামী ১২ই জুন পর্য্যন্ত চলবে ।

---

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গন বন্টন প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া হাইলাকান্দি জেলাকে উচ্চাকাংখী জেলা থেকে উন্নত জেলা হিসেবে গড়ে তুলতে বাকী থাকা সব কাজ দ্রুত শেষ করতে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের নির্দেশ দিয়েছেন । তিন দিনের হাইলাকান্দি জেলা সফরের শেষ দিন গতকাল জেলা প্রশাসনের সঙ্গে অনুষ্ঠিত একটি পর্য্যালোচনা বৈঠকে মন্ত্রী এই নির্দেশ দিয়েছেন । বৈঠকে মন্ত্রী বলেন যে জেলায় থাকা প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে জেলাবাসীর আয় বাড়ানোর নতুন প্রকল্প হাতে নিতে হবে । মন্ত্রী শ্রীমতি বামভানিয়ে তিনদিনের হাইলাকান্দি জেলা সফরকালে প্রধানমন্ত্রী আবাস যোজনার হিতাধিকারীদের সঙ্গে মত বিনিময় করার পাশাপাশি দারিদ্র দূরীকরনে নেওয়া শিক্ষা, স্বাস্থ্য , কৃষি , পশুপালন , জীবিকা মিশন ,গ্রাম উন্নয়ন , জল সম্পদ বিভাগের কাজকর্ম সম্পর্কে অবগত হয়েছেন এবং জেলা প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন ।

---

রাজ্যের দুর্গম ও বিপদসংকুল অঞ্চলে বসবাস করা স্থানীয় লোকেদের নিরাপত্তার জন্য অস্ত্রের অনুজ্ঞাপত্র প্রদান করা হবে বলে আজ অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় । দিসপুরে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে নগাঁও , ধুবরী , দক্ষিণ শালামারা , মানকাচার , দরং জেলার দুর্গম ও বিপদসংকুল অঞ্চলের স্থানীয় লোকেদের অস্ত্রের অনুজ্ঞাপত্র প্রদান করা হবে । অস্ত্রের অনুজ্ঞাপত্র দেওয়ার জন্য আসাম আন্দোলনের পরই দাবী উত্থাপন করা হয়েছিল বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা মন্তব্য করেন । মূখ্যমন্ত্রী আরো জানান যে -- --- ( **বাইট** )

---

মুখ্যমন্ত্রীর তদারকি কোষ কংগ্রেস সভাপতি গৌরব গগৈর পাকিস্তান ভ্রমণ সম্পর্কে কংগ্রেস দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও প্রাক্তন সাংসদ রিপুণ বরাকে আজ সকাল এগারোটায় ভিজিল্যান্স সেলের কার্য্যলয়ে উপস্থিত থাকতে বলেছে।

এদিকে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নবনিযুক্ত সভাপতি ও সাংসদ গৌরব গগৈ পাকিস্তানের কোনো সংস্থার সঙ্গে তাঁর যোগাযোগ থাকার অভিযোগ অস্বীকার করেছেন । গতকাল নতুন দিল্লিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী গগৈ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার এই সম্পর্কে উত্থাপিত অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন বলে দাবী করেছেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ আসাম সহ মেঘালয় , মনিপুর , ত্রিপুরা , মিজোরাম , অরুণাচল প্রদেশ , সিকিমে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । এছাড়াও আগামী সাত দিন উত্তর-পূর্বাঞ্চলের

রাজ্যগুলির বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ সহ মাঝারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলেও পূর্বাভাসে বলা হয়েছে ।

---

বন্যা প্রতিরোধকে  শুধুমাত্র একটি আপদকালীন কর্তব্য হিসেবে বিবেচনা না করে, জীবন ও পরিকাঠামো রক্ষার  ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ন দায়িত্ব হিসেবে দেখতে হবে । রাজ্যের খাদ্য , গনবন্টন , গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে বন্যা মোকাবিলার আগাম প্রস্তুতি খতিয়ে বিভাগীয় আধিকারীকদের একথা বলেছেন ।

বৈঠকে মন্ত্রী শ্রী রাই শিলচর শহরের নালা-নর্দমার নিষ্কাশন , জেলার নদীর স্লুইচ গেইটগুলির কর্ম ক্ষমতা বৃদ্ধি ,নদী বাঁধগুলির সংস্কার এবং দূর্যোগ প্রবন এলাকায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের পর্য্যাপ্ত মজুত রাখা , খাদ্য সামগ্রী ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রন রাখার উপর জোর দিয়েছেন ।

সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব , চার বিধায়ক মিহির কান্তি সোম , দীপায়ন চক্রবর্তী , নীহার রঞ্জন দাস এবং মিসবাহুল ইসলাম লস্কর সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---